RNI No. 71057/96

*Bengali fortnightly newspaper*

# পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

www.facebook.com/purbottar
www.purbottar.in

**বিজ্ঞপ্তি**

আপনাদের গল্প, কবিতা, মৌলিক রচনা আমাদের contact@purbottar.in –এ ই-মেইল অথবা, 7547930235 নাম্বারে হোয়াট্স্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273453

১৩ ডিসেম্বর শুক্রবার ২০২৪, পৃষ্ঠা সংখ্যা- ৪, মূল্য- ৩

13 DECEMBER FRIDAY 2024, PAGE- 4, RS-3




মাননীয়া মুখ্যমন্ত্রী

**মমতা বন্দ্যোপাধ্যায়ের**

অনুপ্রেরণায়

এম.এস.এম.ই মাস্থ. উদ্‌যাপনের অংশ হিসাবে রাজ্যব্যাপী অনুষ্ঠিত হতে চলেছে এক বিশেষ কর্মসূচি

**শিল্পের সমাধানে- এম.এস.এম.ই. ক্যাম্পস্**

যার মাধ্যমে একগুচ্ছ উদ্যোক্তা পরিষেবা দেওয়া হবে

**২রা ডিসেম্বর থেকে ২০শে ডিসেম্বর ২০২৪**





**রাজ্যজুড়ে সমস্ত ব্লকে, মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন এলাকায় অনুষ্ঠিত হবে ৬ দিনের ক্যাম্প**



**অংশগ্রহণকারী দপ্তর: এম.এস.এম.ই. ও টেক্সটাইল; খাদ্য-প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন ; কৃষি, কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন; সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা; অনগ্রসর শ্রেণী কল্যাণ; উচ্চশিক্ষা এবং পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন**

**কী পরিষেবা পাওয়া যাবে**

**এম.এস.এম.ই. ও টেক্সটাইল**

- ভবিষ্যৎ ক্রেডিট কার্ড প্রকল্পে নতুন আবেদনপত্র গ্রহণ; নথি জমা দেওয়া এবং পুরোনো আবেদনের অনুমোদনে সাহায্য
- রাজ্য পোর্টালে কারিগর এবং তাঁতিদের তালিকাভুক্তীকরণ
- উদ্যম রেজিস্ট্রেশন, জেম পোর্টালে অনবোর্ডিং এবং প্যান কার্ডের আবেদন
- নিম্নলিখিত প্রকল্পের আবেদনপত্র গ্রহণ :
  - ওয়েস্ট বেঙ্গল আর্টিসানস ফাইন্যান্সিয়াল বেনিফিট স্কিম
  - ডেথ বেনিফিট স্কিম ফর আর্টিসানস এন্ড উইভার্স অফ ওয়েস্ট বেঙ্গল
  - ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম এন্ড খাদি উইভার্স ফাইন্যান্সিয়াল বেনিফিট স্কিম
- ক্ষুদ্র ও ছোটো উদ্যোগের বিলম্বিত অর্থপ্রদানের সমস্যার সমাধান
- ক্ষুদ্র ও ছোটো উদ্যোগের জন্য ফাইন্যান্স ক্লিনিক

**খাদ্য-প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন**

- এম.আই.ডি.এইচ. প্রকল্প; আর.কে.ভি.ওয়াই. প্রকল্প; উদ্যানপালনের রাজ্য উন্নয়ন প্রকল্প এবং পশ্চিমবঙ্গ খাদ্য-প্রক্রিয়াকরণ ভর্তুকি প্রকল্প ২০২১

**কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন**

- শিল্পমুখী প্রশিক্ষণ কর্মসূচি এবং রোজগার সেবা পোর্টালের অধীনে শিল্পোদ্যোগের নিবন্ধন
- শিল্পোদ্যোগ থেকে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা বিষয়ে ইচ্ছাপত্র গ্রহণ

**সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা**

- মেয়াদি ঋণ (টার্ম লোন)-এর জন্য আবেদন জমা
- ক্ষুদ্রঋণ
- দক্ষতা উন্নয়ন কর্মসূচির সুযোগগ্রহণের জন্য নিবন্ধন

**উচ্চ শিক্ষা**

- স্টুডেন্ট ক্রেডিট কার্ড—নতুন আবেদনপত্র গ্রহণ/আবেদন করা হয়েছে এমন আবেদনকারীদের কাছ থেকে নথি সংগ্রহ

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন**

- আনন্দধারার অধীনে স্বনির্ভর গোষ্ঠীর ক্রেডিট লিঙ্কেজ

**অনগ্রসর শ্রেণী কল্যাণ**

- সমস্ত বিভাগে ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ, মহিলাসমৃদ্ধি যোজনার জন্য মেয়াদি ঋণের আবেদন
- কর্মসংস্থানের সহায়তা-সহ স্বল্পমেয়াদি দক্ষতা উন্নয়ন কর্মসূচির জন্য আবেদনপত্র

**কৃষি**

- কৃষি-উদ্যোক্তা, কৃষক, উৎপাদক সংস্থা, স্বসহায়ক গোষ্ঠী ইত্যাদির জন্য কৃষি অবকাঠামো তহবিলের (এআইএফ) নিবন্ধন
- এআইএফ প্রকল্পের ছাড়পত্র এবং ব্যাঙ্ক অনুমোদনের সুবিধা

**জেলাস্তরের অনুষ্ঠান:** জেলাপর্যায়ের কর্মশালা/সচেতনতা/বিদ্যুৎ, জমি, দূষণ, অগ্নিসুরক্ষা ইত্যাদি বিষয়ে আটকে থাকা আবেদনের নিষ্পত্তি

**উদ্যোক্তা এবং যোগ্য আবেদনকারীদের অনুষ্ঠানের বিশদ বিবরণ জানতে নিকটস্থ ব্লক অফিস/পৌরসভা/পৌরনিগম/জেলা শিল্পকেন্দ্রে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে**

**ক্ষুদ্র, ছোটো ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার**


## বাংলাদেশিদের উপর নিষেধাজ্ঞা জারি হল শিলিগুড়ির হোটেলেও

**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি:** গ্রেটার শিলিগুড়ি হোটেলিয়ার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বাংলাদেশে যেভাবে জাতীয় পতাকার অপমান করা হচ্ছে তার প্রতিবাদে শিলিগুড়ির সমস্ত হোটেলে বাংলাদেশীদের প্রবেশ নিষেধ করা হল। রবিবার রাতে গ্রেটার শিলিগুড়ি হোটেলিয়ার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সমস্ত সদস্যদের ভোটিং নেওয়া হয়। জানা গিয়েছে, ৯৭ শতাংশ সদস্যরা বাংলাদেশের বিরুদ্ধে ভোট দিয়েছে। নিয়ম অনুযায়ী সোমবার থেকে শিলিগুড়ির সমস্ত হোটেলে বাংলাদেশীদের প্রবেশ নিষেধ করা হল। সাংবাদিক বৈঠক করে এই কথা জানান গ্রেটার শিলিগুড়ি হোটেলিয়ার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের যুগ্মসম্পাদ উজ্জ্বল ঘোষ। তিনি আরোও জানান, যতদিন পর্যন্ত অবস্থার পরিবর্তন না হবে ততদিন পর্যন্ত এই নির্দেশ জারি থাকবে। ৮ ই আগস্ট এর পর থেকে যেভাবে বাংলাদেশে ভারতের বিরুদ্ধে সমালোচনা করা হচ্ছে এবং জাতীয় পতাকার অপমান করা হচ্ছে তার প্রতিবাদেই এই সিদ্ধান্ত। এর কারণে তাদের ব্যবসায় ক্ষতির মুখে পড়লেও দেশের স্বার্থে তারা এই সিদ্ধান্ত নিয়েছে।

## মায়ের কামড়েই শেষ সাফারি পার্কের তিন শাবক

**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি:** মায়ের কামড়ে মৃত্যু হল তিন রয়্যাল শাবকের। আর ঘটনাটি প্রকাশ্যে আসতেই শোরগোল পরে গিয়েছে বনদপ্তরে। যদিও ঘটনাটি নিয়ে প্রকাশ্যে সেইভাবে মুখ খুলতে চাননি পার্ক কর্তৃপক্ষ। গত সপ্তাহে রিকা নামে রয়্যাল বেঙ্গল টাইগার তিন শাবকের জন্ম দেয়। শাবকের জন্মের খবর প্রকাশ্যে আসতেই উচ্ছ্বসিত হন পার্ক কর্তৃপক্ষ। কিন্তু নাইট শেল্টারেই দু'দিনের মাথায় নিজের শাবককে ঘাড়ে কামড়ে অন্যত্র সরানোর সময় নিজের অজান্তে জোরে কামড় বসায় রিকা। এতে তিনটে শাবকেরই ঘাড়ের কাছে শ্বাসনালী ফুটো হয়ে যায়। তিনটের মধ্যে দুটো শাবক আগে মারা গেলেও একটি শাবককে বাঁচানোর প্রাণপণ চেষ্টা করেন পার্ক কর্তৃপক্ষ। কিন্তু শেষ রক্ষা হয়নি। অবশেষে তিনটি শাবকেরই মৃত্যু হয়।

# নতুন বছরের শুরুতেই এবার ডুয়ার্স উৎসব, থাকছে না বাংলাদেশী স্টল

**নিজস্ব সংবাদদাতা, আলিপুরদুয়ার:** ডুয়ার্সের পর্যটন ও সংস্কৃতিকে বিশ্বের দরবারে তুলে ধরতে ডুয়ার্সের অঘোষিত রাজধানী আলিপুরদুয়ারে শুরু হয়েছিল ডুয়ার্স উৎসব। বাম শাসনের অবসানের পর, রাজ্যে পালা বদলের চিত্রটা সাধারণ মানুষের সামনে সাংস্কৃতিক পরিমন্ডলের মধ্যে দিয়ে তুলে ধরতে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় জোর দিয়েছিলেন বিভিন্ন উৎসব ও মেলায়। বাম আমলে শুরু হলেও আলিপুরদুয়ারের ডুয়ার্স উৎসব পরিপূর্ণতা লাভ করে রাজ্যের নতুন শাসকের শাসনকালে। ২০১১ এর পর দেশের গন্ডি ছাড়িয়ে ডুয়ার্স উৎসবের বিস্তৃতি লাভ করে আন্তর্জাতিক আঙিনায়। ডুয়ার্সের পর্যটনের অপার সম্ভাবনা, ডুয়ার্সে বসবাসকারী বিভিন্ন জন-জাতির সংস্কৃতিকে বিশ্বের দরবারে তুলে ধরতেই এই সময় উৎসবের নামকরণ করা হয় বিশ্ব ডুয়ার্স উৎসব। প্রতিবছর ইংরেজি বছরের শেষের দিকে আলিপুরদুয়ার প্যারেড গ্রাউন্ডে এই উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবকে ঘিরে দশ-বারো দিন ধরে চলে বিরাট কর্মযজ্ঞ। দেশের বিভিন্ন রাজ্য থেকে হস্তশিল্পীরা এই মেলায় আসে তাদের উৎপাদিত জিনিসপত্র নিয়ে। প্রতিদিন মেলার মুক্তমঞ্চে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। যার মধ্যে দিয়ে সাংস্কৃতিক মেলবন্ধন তৈরী হয় বিশ্ব ডুয়ার্স উৎসবের আঙিনায়। যদিও এই বছর ডুয়ার্স উৎসব বছরের শেষে শুরু না হয়ে জানুয়ারীর প্রথম সপ্তাহে শুরু হতে চলেছে। এই বছর অন্যান্য সবকিছুর সঙ্গে বিশেষ আকর্ষণে থাকবে অসমের বিহু নৃত্য। এছাড়াও মেঘালয়ের থেকেও শিল্পীদের এনে অনুষ্ঠান করার কথাও রয়েছে। যদিও এবছর এই মেলায় থাকছে না বাংলাদেশের স্টল। রাজ্য সরকারের সহযোগিতায় এই ডুয়ার্স উৎসবকে ঘিরে প্রচুর টাকার বাণিজ্যও হয় আলিপুরদুয়ারে। ডুয়ার্স উৎসব কমিটির সাধারণ সম্পাদক সৌরভ চক্রবর্তী বলেন, "মুখ্যমন্ত্রীর প্রেরণায় এবার আগের চেয়েও অনেক বেশী জাঁকজমকভাবে ডুয়ার্স উৎসব আমরা করবো। মুখ্যমন্ত্রীকে আমি পুরো বিষয়টি জানিয়েছি। উনি ভালো করে উৎসব করতে বলেছেন। এবার আশা করছি প্রায় ১০০ কোটি টাকার ব্যবসা হবে ডুয়ার্স উৎসবকে ঘিরে।"

# গোলাপ চাষ করে তাক লাগালেন কোচবিহারের দীনেশ বেপারী



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** সেই মান্ধাতার আমল থেকেই গভীর আবেগ ও ভালোবাসার প্রতীক লাল গোলাপ। আর এর কদর বর্তমানে শুধু প্রেমিক-প্রেমিকার মধ্যেই সীমাবদ্ধ নেই, বিয়ে সহ বিভিন্ন অনুষ্ঠানে লাল গোলাপের চাহিদা কয়েকগুণ বেড়েছে। সেই বিপুল চাহিদার জোগান হয় দেশের গুটিকয়েক জায়গা থেকেই। সেই জায়গাগুলির মধ্যে উত্তরবঙ্গের নাম কোনওদিনই ছিল না। তবে এবার তুফানগঞ্জের মতো জায়গায় লাল গোলাপ চাষ করে তাক লাগাচ্ছেন দীনেশ বেপারী নামে এক ফুল চাষী। তুফানগঞ্জ -২ ব্লকের কাশিয়াবাড়ি এলাকার বাসিন্দা দীনেশবাবু। গাঁদা সহ বিভিন্ন ফুল চাষে তার অভিজ্ঞতা অনেক দিনের। বাজারে গোলাপের চাহিদার কথা মাথায় রেখে ঝুঁকে পড়েন লাল গোলাপ চাষে। নিজের বাড়ির জমিতে এবং ছাদে তিনি লাল গোলাপ চাষ শুরু করেন। এই বিষয়ে দীনেশ বেপারী বলেন, "প্রায় ৩৫ বছর থেকে ফুল চাষের সাথে যুক্ত তিনি। গোলাপের চাহিদাকে মাথায় রেখে গোলাপ চাষ শুরু করেন। বর্তমানে তার বাগানে ২৫০ রকমের গোলাপ ফুলের গাছ রয়েছে, তবে গত বছরের চেয়ে এই বছর অনেকটাই চাহিদা বেশি লাল গোলাপের।"

# কোচবিহারে ফের তৃণমূলের গোষ্ঠীকোন্দল



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** গুড়িয়াহাটি-১ নম্বর গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে একটি গেট করাকে কেন্দ্র করে ধন্ধুমার পরিস্থিতি এলাকায়। অভিযোগ, ৭ ডিসেম্বর স্থানীয় যুবকরা ঠিকাদারের কাজ আটকে দেওয়ার পাশাপাশি পঞ্চায়েত সদস্যদের মারধর করেন। এই বিষয় নিয়ে কোচবিহার কোতয়ালি থানায় লিখিত অভিযোগ করেন গুড়িয়াহাটি-১ নম্বর গ্রাম পঞ্চায়েত সদস্যরা। পালটা অভিযোগ, স্থানীয় যুবকের কোনরকম টেন্ডার না দিয়েই প্রধান ও উপপ্রধান তাদের প্রভাব খাটিয়ে নিজেদের লোককে দিয়ে কাজ করাচ্ছেন। কথায় জানা যায়, স্থানীয় যুবকরা সেখানকার স্থানীয় কন্ট্রাকটর হিসাবেই পরিচিত। তারাও তৃণমূল দল করেন। এই বিষয়কে কেন্দ্র করে ফের প্রকাশ্যে আসে তৃণমূল কংগ্রেসের গোষ্ঠী কোন্দল।

# চট্টগ্রাম ইউনিভার্সিটির অধ্যাপকের ওপর হামলার ঘটনায় প্রতিবাদে জলপাইগুড়ি



**নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি:** চট্টগ্রাম ইউনিভার্সিটির অধ্যাপক ড: কুশল বরণ চক্রবর্তীর ওপর হামলার ঘটনা নিয়ে কালো ব্যাজ পরিধান করে প্রতিবাদ জলপাইগুড়ির শিক্ষক সমাজের। ৬ ডিসেম্বর জলপাইগুড়ির অন্যতম প্রাচীন ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান আনন্দ চন্দ্র কলেজের অধ্যাপকবৃন্দ এই প্রতিবাদ কর্মসূচিতে অংশ নেন। প্রতিবাদ কর্মসূচি প্রসঙ্গে অধ্যাপক ড: তন্ময় দত্ত জানান, "গতকাল বাংলাদেশের চট্টগ্রাম ইউনিভার্সিটির অধ্যাপক ড: কুশল বরণ চক্রবর্তীর সঙ্গে যে ঘটনা ঘটেছে তার তীব্র নিন্দা করছি আমরা। এর পাশাপাশি বিগত কয়েক মাস ধরে সেই দেশে বসবাসকারী সংখ্যালঘু সম্প্রদায়ের বিশেষ করে হিন্দুদের উপর যে নির্মম অত্যাচার করা হচ্ছে, তার প্রতিবাদ করার পাশাপাশি ধিক্কার জানাচ্ছি এবং অবিলম্বে সমস্ত আন্তর্জাতিক আইন অনুযায়ী কেন্দ্রীয় সরকার উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবে এই আশা রাখছি।" অপরদিকে, এই প্রসঙ্গে আনন্দ চন্দ্র কলেজের অধ্যক্ষ ড: দেবাশীষ দাস বলেন, "গতকাল বাংলাদেশের চট্টগ্রাম ইউনিভার্সিটির অধ্যাপক ড: কুশল বরণ চক্রবর্তীকে যেইভাবে নিগ্রহের শিকার হতে হয়েছে তাতে আমরা মর্মাহত। আমরা আনন্দ চন্দ্র কলেজের শিক্ষক সংস্থার পক্ষ থেকে এই ঘটনার তীব্র প্রতিবাদ করছি। সেই সঙ্গে যাতে সেই দেশে দ্রুত স্বাভাবিক পরিস্থিতি ফিরে আসে এবং দুই দেশের মধ্যে শান্তি বজায় থাকে সেই আশা রাখছি।"

# বাস চালককে মারধরের অভিযোগ পুলিশকর্মীর বিরুদ্ধে, চাঞ্চল্য কোচবিহারে



**নিজস্ব সংবাদদাতা, কোচবিহার:** এনবিএসটিসির বাস চালককে মারধরের অভিযোগ। অভিযোগ উঠলো পুলিশকর্মীর বিরুদ্ধে। ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। খবর পাওয়া মাত্র ঘটনাস্থলে পৌঁছায় কোচবিহার কোতয়ালি থানার পুলিশ। পুলিশ কর্মীর শাস্তির দাবিতে শুরু হয় আন্দোলন। তবে ওই বাস চালককে কে আক্রমণ করেছে তা নিয়ে রয়েছে ধোঁয়াশা। ঘটনাকে কেন্দ্র করে চলে বিক্ষোভ। পরে ঘটনার আইসি এর কাছ থেকে সঠিক বিচারের আশ্বাস পেয়ে প্রত্যাহার করা হয় আন্দোলন। কোচবিহার ৯ নং ওয়ার্ডের পি এন রোড সংশ্লিষ্ট এনবিএসটিসির ওয়ার্কশপ এলাকার ঘটনা।

উল্লেখ্য, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার এক বাস চালককে অন্যায়ভাবে মারধরের অভিযোগ ওঠে পুলিশকর্মীর বিরুদ্ধে। আর এই ঘটনাকে কেন্দ্র করে ১১ ডিসেম্বর সন্ধ্যায় উত্তাল হয়ে ওঠে কোচবিহার কোতয়ালি থানা চত্বর। অভিযুক্ত পুলিশকর্মীর শাস্তির দাবিতে আন্দোলনে শামিল হন এই পরিবহণ সংস্থার তৃণমূল প্রভাবিত শ্রমিক সংগঠন। আক্রান্ত বাস চালক দীপঙ্কর দাস জানান, তিনি কোচবিহার শহরে বাস নিয়ে প্রবেশ করলে হঠাৎই তার ওপর রুষ্ট হয়ে যান পথ চলতি এক বাইক আরোহী। তিনি বাসে উঠে হেলমেট দিয়ে তার ওপর আক্রমণ করেন। তিনি আক্রান্ত হওয়ার কথা বললেও, কে তার ওপরে আক্রমণ করেছে তা স্পষ্ট করেননি। তবে প্রত্যক্ষদর্শী এবং এই বাসের যাত্রীরা সরাসরি এক পুলিশ কর্মীর বিরুদ্ধে আক্রমণের অভিযোগ আনেন এদিন। এই ঘটনাকে কেন্দ্র করে বিক্ষোভে নামে এই পরিবহণ সংস্থার তৃণমূল প্রভাবিত শ্রমিক সংগঠন। পরবর্তীতে কোচবিহার কোতয়ালি থানার আইসি তপন পাল ঘটনাস্থলে গিয়ে তাদেরকে আশ্বস্ত করলে আন্দোলন প্রত্যাহার করে নেন তারা।

# বাংলাদেশ থেকে এক্সপ্রেস ট্রেন প্রবেশ করলো ভারতীয় ভূখণ্ডে




**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি:** পাঁচ মাস বাংলাদেশে আটকে থাকার পর ঘরে ফিরল মিতালী এক্সপ্রেস ট্রেন। ১৭ জুলাই শেষবারের মতো বাংলাদেশি যাত্রীদের নিয়ে জলপাইগুড়ি টাউন স্টেশন ছুয়ে হলদিবাড়ি ভারত বাংলাদেশ সীমান্ত দিয়ে ওপরের লালমনিহাট হয়ে ঢাকা পোঁছে ছিল। এরপর থেকে ক্রমশ অবনতি হতে থাকে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি। এক সময় দেশ ছেড়ে পালিয়ে ভারতে এসে আশ্রয় নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেই থেকেই ভারতীয় রেল নির্মিত মিতালী এক্সপ্রেস ট্রেনের কোচগুলো ওপারে অযত্নে পড়েছিল। ৯ ডিসেম্বর ঢাকায় দু'দেশের বিদেশ সচিব পর্যায়ের বৈঠকের পরই ১০ ডিসেম্বর সকালে বাংলাদেশ থেকে হলদিবাড়িতে ফিরিয়ে আনা হয় মিতালী এক্সপ্রেস ট্রেনটিকে।

# বাংলাদেশিদের হোটেলে উঠতে না দেওয়ার ডাক দিল বঙ্গীয় হিন্দু মহামঞ্চ



**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি:** বাংলাদেশে সংখ্যালঘুদের উপর অত্যাচার, চিন্ময়ানন্দ মহাপ্রভুকে গ্রেপ্তার ও ভারতের জাতীয় পতাকার অবমাননার বিরুদ্ধে সোচ্চার হয়েছে একাধিক সংগঠন। গোটা রাজ্যে শুরু হয়েছে একের পর এক বাংলাদেশ বিরোধী প্রতিবাদ। এবার যাতে কোন বাংলাদেশীকে হোটেলে উঠতে না দেওয়া হয় এবং যারা আগে থেকে আছেন তাদের যাতে অবিলম্বে হোটেল ছাড়তে বাধ্য করা হয় তার দাবি জানাল বঙ্গীয় হিন্দু মহামঞ্চ। এর আগে অবশ্য মালদার হোটেল ব্যবসায়ীরা বাংলাদেশী পর্যটকদের হোটেলে উঠতে নিষেধাজ্ঞা জারি করেছে। এবার সেই দাবি জানিয়ে শিলিগুড়ি গ্রেটার হোটেলিয়ার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের দ্বারস্থ হল মহামঞ্চ। বঙ্গীয় হিন্দু মহামঞ্চর সভাপতি বিক্রমাদিত্য মন্ডল বলেন, "যেভাবে বাংলাদেশে সংখ্যালঘুদের উপর আক্রমণ করা হচ্ছে, যেভাবে ভারতের জাতীয় পতাকার অবমাননা করা হয়েছে তার বিরুদ্ধে আমাদের এই প্রতিবাদ। শিলিগুড়ির কোনও হোটেলে যাতে বাংলাদেশীদের ঠাঁই না দেওয়া হয় সেই দাবি হোটেল মালিকদের জানানো হয়েছে। আর যারা আগে থেকে আছেন তাদেরকেও অবিলম্বে বের করে দেওয়া হোক যাতে তারা দেশে ফিরে যেতে পারে। আগামীতে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান ও চিকিৎসক সংগঠনের কাছেও এই দাবি জানানো হবে যাতে তারা কোন বাংলাদেশীকে পরিষেবা না দেন।" শিলিগুড়ি গ্রেটার হোটেলিয়ার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক উজ্জ্বল ঘোষ বলেন, "আমরাও বাংলাদেশে যে অস্থিরতা তৈরি হয়েছে তার বিরোধিতা করছি। তবে হোটেলে বাংলাদেশীদের উঠতে দেওয়া হবে কিনা সেটা সংগঠনের অন্যান্য সদস্যদের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।"



# কাঠের পণ্যের পরিসর জুড়ে ডুরোপ্লাই-এর আজীবন গ্যারান্টির প্রতিশ্রুতি

**কলকাতা:** ডুরোপ্লাই, ভারতের নেতৃস্থানীয় প্লাইউড প্রস্তুতকারক, তার কাঠের পণ্যের পরিসরে উইপোকা এবং বোরারের উপদ্রবের বিরুদ্ধে আজীবন গ্যারান্টি অফার করার ঘোষণা করেছে। ২০১৬ সালে প্রবর্তিত, ডুরোপ্লাই তার গ্রাহক-কেন্দ্রিক উদ্ভাবন, দীর্ঘস্থায়ী, এবং সেরা পণ্যের জন্য পরিচিত। এই গ্যারান্টি সহ, কোম্পানি ভারত জুড়ে বাড়ির মালিক, স্থপতি এবং অভ্যন্তরীণ ডিজাইনারদের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সেরা মানের, টেকসই এবং নির্ভরযোগ্য পণ্য সরবরাহ করার জন্য প্রতিশ্রুতি গ্রহণ করেছে। কোম্পানি, 5HT প্রযুক্তির সাহায্যে কোর ট্রিটমেন্ট এবং গ্লু লাইন ট্রিটমেন্ট সহ উন্নত উৎপাদন কৌশলগুলির মাধ্যমে উইপোকা এবং বোরারের বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে। এর কোর ট্রিটমেন্ট একটি প্রতিরক্ষামূলক বাধা তৈরি করতে বিশেষভাবে তৈরি রাসায়নিক ব্যবহার করেছে, যখন আঠালো লাইন চিকিৎসা বিভিন্ন স্তর জুড়ে সুরক্ষা শক্তিশালী করতে উচ্চ-কার্যকারিতা আঠালো ব্যবহার করে। এই উদ্ভাবনী চিকিৎসা ডুরোপ্লাই এর প্লাইউড পণ্যে দীর্ঘায়ু নিশ্চিত করেছে। ডুরোপ্লাই-এ উন্নত প্রযুক্তি ব্যবহার করার ফলে রক্ষণাবেক্ষণের খরচ কম হয় এবং বিনিয়োগে আরও ভাল রিটার্ন পাওয়া যায়। এটি নির্মাণ এবং সংস্কার প্রকল্পগুলির জন্য একটি স্মার্ট পছন্দ, সেইসাথে একটি বিচক্ষণ আর্থিক সিদ্ধান্ত। এমনকি, কোম্পানি তার গ্রাহকদের জন্য আসবাবপত্র মূল্যের জন্য ক্ষতিপূরণ হিসেবে পণ্য মূল্যের তিনগুণ প্রদান করার ঘোষণা করেছে। এই বিষয়ে ডুরোপ্লাই-এর এমডি এবং সিইও, অখিলেশ চিটলাঙ্গি বলেছেন, "ডুরোপ্লাই এ, আমরা সবসময় গ্রাহকদের সেরা পণ্য প্রদান করতে বিশ্বাসী। আমরা টারমাইট এবং বোরর প্রুফ প্লাইউড পণ্যের লাইফটাইম গ্যারান্টি দিয়ে স্থায়িত্বের জন্য একটি নতুন বেঞ্চমার্ক স্থাপন করতে পেরে আনন্দিত। আমরা কেবল শিল্পে স্থায়িত্বের জন্য একটি নতুন বেঞ্চমার্ক স্থাপন করিনি বরং আমাদের গ্রাহকদের প্রতি আমাদের আশ্বাসকে আরও শক্তিশালী করেছি।"

# শ্রীরাম ফাইন্যান্সের নতুন অনুপ্রেরণামূলক প্রচারাভিযান #TogetherWeSoar

**শিলিগুড়ি/আসানসোল:** শ্রীরাম ফাইন্যান্স লিমিটেড, ভারতের একটি শীর্ষস্থানীয় আর্থিক পরিষেবা প্রদানকারী, একটি নতুন ব্র্যান্ড প্রচারাভিযান চালু করেছে, '#TogetherWeSoar'। কিংবদন্তি রাহুল দ্রাবিড়ের সাথে কোম্পানি অংশীদারিত্ব করে উচ্চাকাঙ্ক্ষী ভারতের সাথে একতা ও সংযোগের করার প্রতিশ্রুতি তুলে ধরে। এই প্রচারাভিযানের বার্তাটির মাধ্যমে শ্রীরাম ফাইন্যান্স, গ্রাহকদের ক্ষমতায়নের জন্য তাদের সাথে শক্তিশালী সম্পর্ক গড়ে তোলার গুরুত্বের উপর জোর দেয় এবং তাদের একসাথে তাদের স্বপ্ন অর্জনে সহায়তা করে। তবে, বর্তমানে অধিকাংশ ভারতীয়ই 'তাহলে, কী?' দর্শনকে গ্রহণ করছে, যা তাদের সাফল্যের পথে সমস্ত চ্যালেঞ্জকে অতিক্রম করে। এই প্রচারাভিযানের লক্ষ্য হল উদ্ভাবনী চেতনা উদযাপন করা এবং রাহুল দ্রাবিড়ের জীবন থেকে অনুপ্রেরণা নিয়ে এগিয়ে যাওয়া। শ্রীরাম ফাইন্যান্স ভারতে আর্থিক ক্ষমতায়নের প্রচারে একটি প্রচারণা শুরু করেছে। প্রচারাভিযান, '#TogetherWeSoar', ক্রিকেট কিংবদন্তি রাহুল দ্রাবিড়কে হিন্দি সংস্করণে ব্র্যান্ড অ্যাম্বাসেডর এবং অভিনেতা নাসিরুদ্দিন শাহকে দেখানো হয়েছে। প্রচারটি প্রিন্ট, ডিজিটাল, টেলিভিশন, সোশ্যাল মিডিয়া এবং আউটডোর প্ল্যাটফর্ম সহ বিভিন্ন মিডিয়া প্ল্যাটফর্মের মাধ্যমে দর্শকদের কাছে পৌঁছাবে। বিজ্ঞাপনটি প্রো কাবাডি লিগের সময় সম্প্রচারিত হবে, এবং দর্শকরা পিকেএল চলাকালীন এটি দেখতে পারবেন।

প্রচারের সৃজনশীল পদ্ধতি, সাতটি ভাষায় তৈরি করা হয়েছে, যার মাধ্যমে শ্রীরাম ফাইন্যান্সকে বিভিন্ন শ্রোতাদের সাথে গভীরভাবে সংযোগ স্থাপন করবে বলে আশা করা হচ্ছে। ভিডিওটি ব্যক্তিদের তাদের জীবনকে উন্নত করতে এবং তাদের উচ্চাকাঙ্ক্ষা পূরণ করতে শ্রীরাম ফাইন্যান্সের সাথে অংশীদারিত্ব করতে উৎসাহিত করেছে। এই প্রচারাভিযানটি শ্রীরাম ফাইন্যান্সের গ্রাহকদের ক্রেডিট অ্যাক্সেস করতে সহায়তা করার প্রতিশ্রুতির প্রমাণ যা তাদের বৃদ্ধি এবং উন্নতির জন্য প্রয়োজন।

### উত্তর-পূর্বে গুয়াহাটিতে টয়োটার প্রথম টয়োটা ইউজড কার আউটলেটে

**শিলিগুড়ি:** টয়োটা কির্লোস্কর মোটরের (টিকেএম) উত্তর-পূর্ব ভারতে গুয়াহাটিতে তার প্রথম কোম্পানির মালিকানাধীন টয়োটা ইউজড কার আউটলেট (টিইউসিও) চালু করেছে। "টয়োটা ইউ-ট্রাস্ট" ব্র্যান্ডের অধীনে এটি ভারতের তৃতীয় আউটলেটে, প্রথম দুটি আউটলেট যথাক্রমে বেঙ্গালুরু এবং দিল্লিতে অবস্থিত। এই উদ্যোগটি গ্রাহকদের উচ্চ-মানের ও নিরাপদ ব্যবহৃত গাড়ি পুনরায় বিক্রির জন্য ডিজাইন করা হয়েছে। এটি ক্রয়-বিক্রয় প্রক্রিয়া জুড়ে সুবিধা, স্বচ্ছতা এবং মানসিক শান্তির উপর জোর দেয়। নতুন আউটলেটে প্রায় চার হাজার বর্গফুট জুড়ে বিস্তৃত এবং ১৫+ প্রত্যয়িত টয়োটা গাড়ির প্রদর্শন করতে পারবে। টিউসিও আউটলেটগুলি প্রত্যয়িত প্রাক-মালিকানাধীন টয়োটা গাড়ির গ্রাহকদের জন্য একটি ব্যাপক প্ল্যাটফর্ম হিসাবে কাজ করে। প্রতিটি গাড়ি টয়োটার গ্লোবাল স্ট্যান্ডার্ড মেনে ২০৩-পয়েন্টের কঠোর ইন্সপেকশনের মধ্য দিয়ে যায়। টয়োটা-প্রশিক্ষিত প্রযুক্তিবিদদের দ্বারা পরিচালিত এই প্রক্রিয়াটি উচ্চতর গুণমান, নিরাপত্তা এবং নির্ভরযোগ্যতা নিশ্চিত করে। অতিরিক্ত ইন্সপেকশনে গ্রাহকদের সম্পূর্ণ মানসিক শান্তি দিতে পরিষেবার ইতিহাস যাচাই করা সহ বিভিন্ন নথিপত্র সূক্ষ্মভাবে পরীক্ষা করা হয়। টিইউসিও-এর একটি বৈশিষ্ট্য হল টয়োটার সিগনেচার 'মারু মারু' প্রক্রিয়া, যা সর্বোচ্চ মানের নির্ভুল পরিচ্ছন্নতার ইঙ্গিত দেয়। এই অনন্য অফারটি ভারতে একটি স্বচ্ছ এবং নির্ভরযোগ্য ব্যবহৃত গাড়ির ইকোসিস্টেম তৈরি করার জন্য টিকেএম-এর প্রতিশ্রুতিকে আন্ডারস্কোর করে। টয়োটা ইউ-ট্রাস্ট ওয়েবসাইটে 'ভ্যালুয়েট ইওর কার' ফিচারের মাধ্যমে গ্রাহকরা তাদের গাড়ির মূল্য অনলাইনে মূল্যায়ন করতে পারেন।

# যুবসঙ্গম পর্যায় ৫: আইআইটি যোধপুরের উদ্দেশ্যে পশ্চিমবঙ্গের পড়ুয়ারা



**কলকাতা:** ভারত সরকারের 'এক ভারত শ্রেষ্ঠ ভারত যুবসঙ্গম' কর্মসূচির পঞ্চম পর্বের অংশ হিসাবে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৩৯ জন পড়ুয়া আইআইটি যোধপুরের জন্য রওনা হয়েছে। আইআইইএসটি শিবপুরিনে একটি ওরিয়েন্টেশন সেশন এবং ফ্ল্যাগ-অফ ইভেন্ট অনুষ্ঠিত হয়েছিল, যেখানে শিক্ষাবিদ এবং পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত কাজী মাসুম আখতার উপস্থিত ছিলেন। পশ্চিমবঙ্গের নোডাল ইনস্টিটিউট হল IIEST শিবপুর, রাজস্থানের নোডাল ইনস্টিটিউট হল IIT যোধপুর। পশ্চিমবঙ্গের প্রতিনিধি পড়ুয়ারা ১৪-১৮ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত আইআইটি যোধপুরে থাকবেন। এই সফরের ফলে দুই রাজ্যের মধ্যে সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্য এবং ধারণার বিনিময় বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। পর্যটন, ঐতিহ্য, অগ্রগতি, প্রযুক্তি এবং পারস্পরিক যোগাযোগের প্রচারও এই প্রয়াসের অংশ। এই উদ্যোগের অংশ হিসেবে পড়ুয়ারা ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণান রাজস্থান আয়ুর্বেদ বিশ্ববিদ্যালয়, যশবন্তথারা, মেহরানগড় ফোর্ট, তুরজিকাঝালরা, ওসিয়ান মন্দির সহ সমস্ত দর্শনীয় স্থানগুলি ভ্রমণ করবেন এবং সেনা যুদ্ধের প্রবীণদের সাথে দেখা করবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০১৫ সালে সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকী উদযাপনের জন্য রাষ্ট্রীয় একতা দিবসের সময় জন-মানুষের সংযোগের প্রস্তাব করেছিলেন। এক ভারত শ্রেষ্ঠ ভারত (EBSB) প্রোগ্রামটি ২০১৬ সালে বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের লোকেদের মধ্যে সম্পৃক্ততা এবং পারস্পরিক বোঝাপড়ার প্রচারের জন্য চালু করা হয়েছিল। যুব সঙ্গমে উল্লেখযোগ্য উৎসাহ দেখা গেছে, শেষ পর্যায়ে নিবন্ধন ৪৪,০০০ ছুঁয়েছিল। এখনও পর্যন্ত, ভারত জুড়ে ৪,৭৯৫ জন যুবক ২০২২ সালে পাইলট পর্ব সহ ১১৪ টি ট্যুরে অংশগ্রহণ করেছে। যুবসঙ্গমের পঞ্চম ধাপের জন্য কুড়িটি ভারতীয় প্রতিষ্ঠানকে নির্বাচিত করা হয়েছে, একটি কর্মসূচি যার লক্ষ্য পাঁচটি ক্ষেত্রে বহুমাত্রিক এক্সপোজার প্রচার করা: পর্যটন (পর্যটন), পরম্পরা (ঐতিহ্য), প্রগতি (উন্নয়ন), পরস্পর সম্পার্ক (মানুষ থেকে মানুষ সংযোগ), এবং প্রযোজিক (প্রযুক্তি)। উপরন্তু, তাদের নোডাল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের নেতৃত্বে এই রাজ্য/ ইউটি-এর অংশগ্রহণকারীরা তাদের জুটিবদ্ধ রাজ্য/ কেন্দ্রশাসিত অঞ্চলে যাবে।

# XIV সমাবর্তন উদযাপন করেছে কেএল ডিমড টু বি ইউনিভার্সিটি

**কলকাতা:** কেএল ডিমড টু বি ইউনিভার্সিটি বিজয়ওয়াড়ায় তার XIV বার্ষিক সমাবর্তন উদযাপন করেছে, ১৬৬ পিএইচডি সহ পিএইচডি স্কলার, ৬০৪ জন স্নাতকোত্তর এবং ৩,৯৩৬ জন স্নাতক সহ ৪,৭০৬ জন ছাত্রকে ডিগ্রি প্রদান করেছে। মেধাবী শিক্ষার্থীরা ৪২ টি স্বর্ণ এবং ৩৭টি রৌপ্য পদক পেয়েছে, যা বছরের পর বছর উৎসর্গ এবং একাডেমিক কঠোরতার পরিসমাপ্তি চিহ্নিত করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারতের ১৪ তম রাষ্ট্রপতি শ্রী রাম নাথ কোবিন্দ। তিনি একটি সমাবর্তন ভাষণ দিয়েছিলেন যেখানে শিক্ষার রূপান্তরকারী শক্তি, সততা এবং ভবিষ্যত গঠনে উদ্ভাবনের উপর জোর দেওয়া হয়। এছাড়াও এখানে, মাননীয় বিচারপতি আব্দুল নাজির জি, অন্ধ্র প্রদেশের রাজ্যপাল এবং কোবিন্দ স্ত্রী শ্রীমতি সবিতা কোবিন্দও উপস্থিত ছিলেন। এই বিশেষ দিনে, ক্যাম্পাস, তার পড়ুয়াদের কৃতিত্ব এবং স্বপ্ন উদযাপন করেছে। গ্র্যান্ড ওপেন-এয়ার থিয়েটার, বিশ্ববিদ্যালয়ের রঙে সজ্জিত, স্নাতক এবং তাদের গর্বিত পরিবারকে স্বাগত জানায়। এটি এককথায় গর্ব, প্রতিফলন এবং নতুন শুরুর একটি দিন ছিল। কেএল ডিমড টু বি ইউনিভার্সিটি, একটি A++ গ্রেড সহ ন্যাক (NAAC) দ্বারা প্রথম শ্রেণীর প্রতিষ্ঠানের স্বীকৃতী পেয়েছে। এমনকি ন্যাক অনুযায়ী বিশ্ববিদ্যালয়টি ২২তম স্থান অর্জন করেছে। ডিগ্রী এবং পুরস্কার সহ তার ৪৪তম বার্ষিকী উদযাপন করেছে। ড. জি. পারধা সারথি ভার্মা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন, যা একাডেমিক শ্রেষ্ঠত্ব, গবেষণা এবং সামাজিক উন্নয়নের প্রতি প্রতিশ্রুতি তুলে ধরে। এই বিষয়ে কেএল ডিমড টু বি ইউনিভার্সিটির মাননীয় চ্যান্সেলর ই আর কোনেরু সত্যনারায়ণ বলেছেন, "আজকের দিনটি শুধু আপনাদের একাডেমিক যাত্রার সমাপ্তি নয় বরং আগামী দিনের সূচনা করতে আপনার ভূমিকাকে চিহ্নিত করে। এই বিশ্ববিদ্যালয়ে, আমরা শুধু চ্যালেঞ্জগুলিকে মোকাবেলা করে সুযোগে পরিবর্তনই করি না, বরং তাদের স্বপ্নকে পূরণ করার জন্য অনুপ্রাণিতও করি। আপনার সফলতাই আপনার তৈরি ইতিবাচক প্রভাব দ্বারা পরিমাপ করা হবে।"

# দীর্ঘ তিন বছরের জন্য হর্নবিল মিউজিক ফেস্টিভ্যাল-এর সাথে অংশীদারিত্ব করছে টিকেএম

**শিলিগুড়ি:** টয়োটা কির্লোস্কর মোটর (টিকেএম) হর্নবিল মিউজিক ফেস্টিভ্যালের সাথে সহযোগিতা করে দীর্ঘ তিন বছরের জন্য অংশীদারিত্ব করেছে, এটি ভারতের একটি আইকনিক সাংস্কৃতিক উদযাপন। এটি নাগাল্যান্ডের কোহিমা জেলার নাগা হেরিটেজ ভিলেজ, কিসামাতে অনুষ্ঠিত হচ্ছে, যা ২ থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত চলে। অনুষ্ঠানটিতে জাপানের বিখ্যাত ড্রাম এনসেম্বল, ড্রাম তাও, একটি বিশেষ উদ্বোধনী অভিনয় সহ উত্তেজনাপূর্ণ পারফরম্যান্স প্রদর্শন করবে। হর্নবিল মিউজিক ফেস্টিভ্যালের সাথে টিকেএম- এর এই সহযোগিতাটি নাগাল্যান্ড এবং উত্তর-পূর্বের জনগণের সাথে কোম্পানির একটি গবীর সংযোগ গড়ে তুলবে বলে আশা করা হচ্ছে। এই বছর ফেস্টিভ্যালটি টয়োটা কির্লোস্কর মোটর-এর




নেতাদের সাথে উদ্বোধন করা হয়েছিল, যার মধ্যে মানসী টাটা, টিকেএম এবং টয়োটা কির্লোস্কার অটো পার্টস (টিকেএপি) এর ভাইস চেয়ারপারসন সহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। পাশাপাশি, কোম্পানি ইনোভা ক্রিস্টা, ইনোভা হাইক্রস, ফরচুনার, গ্লানজা, আরবান ক্রুজার হাইরাইডার, আরবান ক্রুজার টাইসর, রুমিওন, ক্যামরি, হিলাক্স এবং ভেলফায়ারের মতো জনপ্রিয় মডেলগুলি প্রদর্শন করে উৎসবে একটি আকর্ষণীয় গাড়ি প্যাভিলিয়ন স্থাপন করেছে। টিকেএম উত্তর-পূর্ব অঞ্চলের সাথে গভীরভাবে জড়িত, তারা ৩৯টি টাচপয়েন্ট সেট আপ করে ক্রমবর্ধমান চাহিদা মেটানোর জন্য নেটওয়ার্ক সম্প্রসারণের পরিকল্পনা করছে। কোম্পানি, গ্রামীণ যুবকদের মধ্যে কারিগরি দক্ষতা বাড়াতে এএসডিসি-এর সহযোগিতায় উত্তর-পূর্ব অঞ্চলে সাতটি টয়োটা টেকনিক্যাল এডুকেশন প্রোগ্রাম (টি-টিইপি) ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেছে। টিকেএম-এর "স্টার" প্রোগ্রাম অর্থনৈতিকভাবে প্রতিবন্ধী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা করবে। এই অংশীদারিত্বের বিষয়ে, সবরী মনোহর - ভাইস প্রেসিডেন্ট, সেলস-সার্ভিস-ইউজড কার বিজনেস, টয়োটা কির্লোস্কর মোটর বলেছেন, "আমরা টানা তিন বছরের জন্য হর্নবিল মিউজিক ফেস্টিভ্যালের সাথে অংশীদারিত্ব করতে পেরে আনন্দিত। অংশীদারিত্বটি শুধুমাত্র স্থানীয় সম্প্রদায়ের সাথে দৃঢ় সংযোগই গড়ে তুলবে না বরং তাদের উৎসবে আনন্দও যোগ করে।"

# ভারতীয়দের জন্য নতুন যুগের কল্পনা করেছে আভিভা

**কলকাতা:** আভিভা লাইফ ইন্স্যুরেন্স ইন্ডিয়া গ্রাহকের সুস্থতা, স্বচ্ছতা এবং অ্যাক্সেসযোগ্যতাকে অগ্রাধিকার দিয়ে জীবন বীমা শিল্পে বিপ্লব ঘটাচ্ছে। উদ্ভাবনী পণ্য এবং উদ্যোগের সাথে আভিভা ইন্স্যুরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়ার (IRDAI) "সকলের জন্য বীমা" মিশনের সাথে একত্রিত হয়েছে। এমনকি, কোম্পানি বীমা সচেতনতা এবং আর্থিক অন্তর্ভুক্তি চালানোর জন্য বীমা বাহকদের নিয়োগ ও প্রশিক্ষণ দিচ্ছে। সুস্থতার প্রতি আভিভার দৃষ্টিভঙ্গি পাঁচটি স্তম্ভের উপর নির্ভর করে: শারীরিক সুস্থতা, মানসিক সুস্থতা, সক্রিয় স্বাস্থ্য পরীক্ষা, সুষম পুষ্টি এবং আর্থিক নিরাপত্তা। স্মার্ট স্কেল, বিপি মনিটর, স্মার্টওয়াচ, এআই-চালিত খাদ্য নির্দেশিকা, জিনোম পরীক্ষা এবং পুষ্টিবিদ পরামর্শের মতো স্মার্ট স্বাস্থ্য সরঞ্জাম সহ একটি প্রতিরোধমূলক সুস্থতা প্যাকেজ সহ আভিভার ফ্ল্যাগশিপ পণ্যগুলিতে এই সামগ্রিক পদ্ধতির প্রতিফলন ঘটে। এই বিষয়ে আভিভা ইন্ডিয়ার সিইও এবং এমডি অসিত রথ বলেছেন, "একজন জীবন বীমা প্রদানকারী হিসাবে, আমরা আর্থিক নিরাপত্তার পাশাপাশি গ্রাহকদের স্বাস্থ্যকর জীবন যাপনের জন্যও নিরাপত্তা আরোপ করতে চাই, আমাদের সুস্থতা-কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি জীবন বীমাকে সামগ্রিক সুস্থতার জন্য একটি সম্পদে রূপান্তরিত করে, যা আমাদের গ্রাহকদের ঐতিহ্যগত সীমানা অতিক্রম করে স্বাস্থ্য ভ্রমণকে সমর্থন করে।" আভিভা ভিডিও কেওয়াইসি এবং স্যাচে বীমা পণ্যের মতো ডিজিটাল উদ্ভাবনের মাধ্যমে গ্রাহকদের সুবিধা বাড়াচ্ছে, যা নিরাপদ অনবোর্ডিং এবং প্রয়োজনীয় কভারেজের সহজ অ্যাক্সেস নিশ্চিত করছে। এই ব্যবহারকারী-বান্ধব নেভিগেশন এবং সুবিধাজনক পলিসি ম্যানেজমেন্ট জীবন বীমাতে একটি নতুন মান স্থাপন করেছে। আভিভা লাইফ ইন্স্যুরেন্স স্বাস্থ্য, সুস্থতা, স্বচ্ছতা এবং অন্তর্ভুক্তির উপর মনোযোগ দিয়ে ব্যক্তিদের স্বাস্থ্যকর, আর্থিকভাবে সুরক্ষিত এবং পরিপূর্ণ জীবন পরিচালনার জন্য ক্ষমতায়নের মাধ্যমে বীমা শিল্পে বিপ্লব ঘটাচ্ছে।

# ফিন ওয়ানের তরুণ ভারতীয়দের সেভিংস হ্যাবিট নিয়ে আউটলুক ২০২৪ প্রকাশ




**আসানসোল:** ফিন ওয়ান, অ্যাঞ্জেল ওয়ান লিমিটেডের একটি ডিজিটাল-ফার্স্ট উদ্যোগ, ফিন ওয়ান ইয়ং ইন্ডিয়ানস সেভিং হ্যাবিটস আউটলুক ২০২৪ প্রকাশ করেছে। নিলসেন মিডিয়ার সংকলণে এই প্রতিবেদন মিলেনিয়াসদের আর্থিক আচরণের ওপর অন্তদৃষ্টি দেয়।

মূল অনুসন্ধানে পাওয়া গিয়েছে আসানসোলের ৯৬% যুবক ধারাবাহিক সঞ্চয়কারী হিসাবে চিহ্নিত, ৫৩% তাদের আয়ের ৩০% এর বেশি সঞ্চয় করে। স্টক হল ৬৬% বাসিন্দাদের পছন্দের বিনিয়োগ বিকল্প, তার পরে রয়েছে স্থায়ী আমানত। ইউটিউবের মতো ডিজিটাল প্ল্যাটফর্ম ছাড়িয়ে ৬৪% যুবকের পরিবার এবং বন্ধুই আর্থিক শিক্ষা দিয়ে থাকে। প্রতিবেদনে আরও হাইলাইট করা হয়েছে যে আসানসোলের যুবকরা উচ্চ স্তরের আর্থিক সচেতনতা দেখায়, ৯২% স্টকের হঙ্গে পরিচিত এবং ৭০% মিউচুয়াল ফান্ডের সঙ্গে।

অ্যাঞ্জেল ওয়ানের ভাইস প্রেসিডেন্ট পার্থ ধর বলেছেন, "আসানসোলের যুবকদের আর্থিক পরিকল্পনার জন্য একটি সুসংহত পদ্ধতি প্রতিমূর্ত রয়েছে। ফিন ওয়ানে, আমরা জ্ঞাত আর্থিক সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং সংস্থান সরবরাহ করে তরুণ ও প্রাপ্তবয়স্কদের সাহায্য করে থাকি।"

## শপসি'র বিশাল বিয়ের মরসুমি সেল: সস্তায় বিয়ের সাজ-সজ্জা

**কলকাতা:** অগ্রণী ভারতীয় ই-কমার্স প্ল্যাটফর্ম শপসি তাদের বিয়ের মরসুমি সেল চালু করেছে, যেখানে বিয়ের যাবতীয় সাজসরঞ্জামের দাম ৫০% এর বেশি কমিয়ে দেওয়া হয়েছে। শপসি'র এই ওয়েডিং সিজন সেল সারা ভারতে বিভিন্ন পরিবারের বিয়ের চাহিদা পূরণ করতে সক্ষম, যাতে রয়েছে পরিবারের সকল সদস্য এবং বিয়ের দলের জন্য পোশাক ও আনুষঙ্গিক সামগ্রী।

শপসি প্ল্যাটফর্মের বিশেষ বিয়ের স্টোরে রয়েছে এমন এক সংগ্রহ যা বিয়ের পূর্ব ও পরবর্তী বিভিন্ন অনুষ্ঠানের জন্য উপযুক্ত, যেমন হলুদ, মেহেন্দি, সঙ্গীত ও মুখ্য বিয়ের অনুষ্ঠান। শাড়ি ও সুট থেকে শুরু করে গয়না ও আনুষঙ্গিক সামগ্রী পর্যন্ত সবকিছুতেই সকলকে সাশ্রয়ী মূল্যে বিয়ের সাজ-সজ্জা কেনাকাটা করতে সাহায্য করছে শপসি। এই সেলটি ভারতীয় বিবাহ অনুষ্ঠানের বৈচিত্র্যের প্রতিফলন, যা পরিবারগুলিকে তাদের বিয়ের স্মৃতিকে আরও বেশি উজ্জ্বল করে তুলতে ও নিজস্বতার পরিচয় দিতে সাহায্য করছে।

## আইএমটিএমএ বেঙ্গালুরুতে সবচেয়ে বড় মেশিন টুল এবং ম্যানুফ্যাকচারিং টেকনোলজি শো আয়োজন

**কলকাতা:** ইন্ডিয়ান মেশিন টুল ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন (আইএমটিএমএ) ২৩-২৯ জানুয়ারি, ২০২৫ এর মধ্যে বেঙ্গালুরুতে ইমটেক্স ২০২৫, বৃহত্তম মেশিন টুল এবং উৎপাদন প্রযুক্তি শো হোস্ট করতে প্রস্তুত। ছয় দিনের প্রদর্শনীতে ২৩ দেশের ১১০০ টিরও বেশি প্রদর্শক উপস্থিত থাকবে, যা সিএনসি মেশিনিং, টুলিং, অটোমেশন, রোবোটিক্স, অ্যাডেটিভ ম্যানুফ্যাকচারিং এবং স্মার্ট ম্যানুফ্যাকচারিং প্রযুক্তিতে উন্নত সমাধানের প্রদর্শন করবে।

শ্রী রাজেন্দ্র এস. রাজামানে, সভাপতি, আইএমটিএমএ-এর মতে, "ইমটেক্স হল ভারতীয় মেশিন টুল শিল্পের জন্য একটি প্রধান প্ল্যাটফর্ম, যা কোম্পানিগুলিকে নতুন পণ্য লঞ্চ করার এবং প্রযুক্তিগত অগ্রগতি প্রদর্শনের সুযোগ প্রদান করে।" প্রদর্শনীতে কনটেম্পোরারি শো, টুলটেক ২০২৫ এবং ডিজিটাল ম্যানুফ্যাকচারিং ২০২৫, সরঞ্জাম এবং আনুষাঙ্গিক কভার করার পাশাপাশি ভবিষ্যত প্রযুক্তিও থাকবে। দর্শকরা প্রদর্শনীর জন্য প্রাক-নিবন্ধন করতে পারে এবং সেমিনারে, একটি আন্তর্জাতিক ক্রেতা-বিক্রেতার মিলন, একাডেমিয়া-ইন্ডাস্ট্রি সহযোগিতা এবং জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য প্রতিনিধি দলে যোগ দিতে পারবেন।

# শপসি এন্ড অফ সিজন সেল, পান নতুন লুক রোজ

**শিলিগুড়ি/কলকাতা:** শপসি হল ভারতের সবচেয়ে দ্রুত বর্ধনশীল হাইপার-ভ্যালু ই কমার্স প্ল্যাটফর্ম। এবার তারা নিয়ে এল বহু-প্রতীক্ষিত 'এন্ড অফ সিজন সেল' (ইওএসএস)। এটি চলবে ৭ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত। গ্রাহকদের জন্য থাকছে ১৪৯ টাকার মধ্যে ৫০ লক্ষেরও বেশি শৈলী, যা এটিকে ট্রেন্ডি, বাজেট-ফ্রেন্ডলি করে তোলে। এবার গুণমান এবং বৈচিত্র্যের উপর ফোকাস করা হচ্ছে। এটি গ্রাহকদের এক ছাদের নীচে সবকিছুর সন্ধান দেয়। গ্রাহকরা বিভিন্ন বিভাগ থেকে কেনাকাটা করতে পারেন, যার মধ্যে রয়েছে ফ্যাশনেবল পোশাক, কুর্তি, এথনিক পোশাক, বাড়ির সাজসজ্জা, জুতো এবং আরও অনেক কিছু। এই কেনাকাটার মাধ্যমে, গ্রাহকরা প্রতিদিন এক একটি নতুন স্টাইল গ্রহণ করবেন। যা সত্যিই 'নয়া লুক, নয়ি ডিপি, হর দিন!'-এই চেতনাকে প্রতিফলিত করে।

প্রত্যুষা আগরওয়াল, বিজনেস হেড, শপসি, শেয়ার করেছেন, "ফ্যাশন শুধু ট্রেন্ডের বিষয় নয়। এই ট্রেন্ড গ্রাহকদের তাদের স্টাইলকে আত্মবিশ্বাসের সঙ্গে আলিঙ্গন করার ক্ষমতা দেয়। আপনার স্টাইল যাই হোক না কেন, আপনি শপসি-তে অতুলনীয় দামের মধ্যে নতুন কিছু আবিষ্কার করবেনই। আমাদের ইওএসএস-এর মাধ্যমে, আপনি পাবেন নতুন লুক, নতুন ডিপি রোজ।" কেনাকাটার অভিজ্ঞতাকে আরও উন্নত করতে, পার্সোনালাইজড সুপারিশগুলি গ্রাহকদের অনায়াসে তাদের পছন্দের পণ্য আবিষ্কার করতে সাহায্য করবে।

# ব্যবসা উন্নয়নে আইসিআইসিআই লাইফ ইনস্যুরেন্স-এর ভূমিকা



**শিলিগুড়ি:** IPRU Edge, ICICI প্রুডেনশিয়াল লাইফ ইন্স্যুরেন্স দ্বারা অফার করা একটি মোবাইল অ্যাপ, শুধুমাত্র তার উপদেষ্টাদের জন্য, H1-FY2025-এ তাদের উৎপাদনশীলতা ৩৭% বৃদ্ধির দিকে পরিচালিত করেছে, যার ফলে তাদের জন্য উচ্চ আয় হয়েছে। IPRU এজ ব্যবহারকারী ৯৮.১% এজেন্টকে একই দিনে কমিশন দেওয়া হয়েছিল। আইসিআইসিআই প্রুডেনশিয়াল লাইফ হল প্রথম জীবন বীমাকারী যারা নির্বাচিত পরিবেশকদের একই দিনে কমিশন প্রদান করে। কোম্পানির ২ লাখের বেশি উপদেষ্টার নেটওয়ার্ক রয়েছে এবং কোম্পানির শীর্ষ উপদেষ্টাদের প্রায় ৬১% এখন সক্রিয়ভাবে অ্যাপটি ব্যবহার করছেন যা তাদের ব্যবসা বৃদ্ধিতে সহায়তা করছে। মোবাইল অ্যাপটি এজেন্টদের জন্য একটি অফিস হিসাবে কাজ করে যা তাদেরকে প্রশাসনিক কার্যক্রমের পরিবর্তে নতুন ব্যবসায়িক উন্নয়নে ফোকাস করতে দেয়। আইপিআরইউ এজ রিয়েল-টাইম কেওয়াইসি প্রমাণীকরণের সুবিধা দেয় এবং ওসিআর প্রযুক্তি গ্রাহকদের একটি কাগজবিহীন কেনাকাটার অভিজ্ঞতা প্রদান করে। ছোট শহর এবং গ্রামে অবস্থিত এজেন্টদের জন্য এটি খুবই উপযোগী। H1-FY2025-এ, কোম্পানি তার এজেন্সি চ্যানেল থেকে খুচরা ওয়েটেড প্রাপ্ত প্রিমিয়ামে বছরে ৪৯% বৃদ্ধি রেকর্ড করেছে। আইসিআইসিআই প্রুডেনশিয়াল লাইফ ইনস্যুরেন্সের প্রোপ্রাইটরি চ্যানেলের সেলস চিফ, মি. রাজীব অরোরা বলেছেন, "আমাদের মোবাইল অ্যাপ, IPRU Edge আমাদের এজেন্টদের তাদের ব্যবসা বাড়াতে সক্ষম করেছে। HI-FY2025-এ আমরা তাদের উৎপাদনশীলতার ৩৭% বৃদ্ধি থেকে এটি স্পষ্ট। এছাড়াও, মোবাইল অ্যাপ ব্যবহারকারী উপদেষ্টাদের ৯৮.১% একই দিনে কমিশন দেওয়া হয়েছিল। এই উদ্যোগগুলো আমাদের দেশের সবচেয়ে উপদেষ্টা-বান্ধব জীবন বীমাকারী হতে সক্ষম করেছে।

## ইসুজু মোটরস ইন্ডিয়ার নতুন উইন্টার ক্যাম্প: ইসুজু আই-কেয়ার


**কলকাতা:** ইসুজু মোটরস ইন্ডিয়া, পরিষেবা এবং মালিকানার অভিজ্ঞতা প্রদানের জন্য ভারতের অন্যতম সংস্থা, তার ইসুজু ডি-ম্যাক্স পিক-আপ এবং এসইউভি -এর জন্য দেশ জুড়ে একটি ইসুজু আই-কেয়ার উইন্টার ক্যাম্প' পরিচালনা করার ঘোষণা করেছে। এর মাধ্যমে কোম্পানি গ্রাহকদের অসাধারণ সুবিধা এবং প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ চেক প্রদানের জন্য সারা দেশে উইন্টার সিজনে ঝামেলামুক্ত ড্রাইভিং অভিজ্ঞতা প্রদানের প্রচেষ্টা করছে। এই শীতকালীন ক্যাম্পটি আমেদাবাদ, বারামুল্লা, বেঙ্গালুরু, ভাড়ুপ, কালিকট, চেন্নাই, কোয়েম্বাটুর, কোচি, নেলোর, পাটনা, পুনে, শিলিগুড়ি, সোলাপুর সহ দেশের ছোট থেকে বড় সমস্ত শহরে আয়োজন করা হয়েছে।

ইসুজু কেয়ার' ৯ ই ডিসেম্বর থেকে ১৪ ই ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত অনুমোদিত ডিলার পরিষেবা আউটলেটগুলিতে একটি শীতকালীন ক্যাম্প চালু করছে, যেখানে, গ্রাহকরা তাদের গাড়ির জন্য বিশেষ অফার এবং সুবিধাগুলি পেতে পারেন। পরিষেবা বুকিংয়ের জন্য, গ্রাহকরা তাদের নিকটতম ইসুজু ডিলার আউটলেটের সাথে যোগাযোগ করতে পারেন বা তাদের ওয়েবসাইট https://www.isuzu.in/servicebooking.html ভিজিট করতে পারেন। বিস্তারিত তথ্যের জন্য ১৮০০ ৪১৯৯ ১৮৮ (টোল-ফ্রি) নম্বরেও কল করতে পারেন।

# ভি নিয়ে এল কর্পোরেট পোস্ট পেইড ব্যবহারকারীদের জন্য ইজি প্লাস

**আসানসোল:** ফিন ওয়ান, অ্যাঞ্জেল ওয়ান লিমিটেডের একটি ডিজিটাল-ফার্স্ট উদ্যোগ, ফিন ওয়ান ইয়ং ইন্ডিয়ানস সেভিং হ্যাবিটস আউটলুক ২০২৪ প্রকাশ করেছে। নিলসেন মিডিয়ার সংকলণে এই প্রতিবেদন মিলেনিয়াসদের আর্থিক আচরণের ওপর অন্তদৃষ্টি দেয়। মূল অনুসন্ধানে পাওয়া গিয়েছে আসানসোলের ৯৬% যুবক ধারাবাহিক সঞ্চয়কারী হিসাবে চিহ্নিত, ৫৩% তাদের আয়ের ৩০% এর বেশি সঞ্চয় করে। স্টক হল ৬৬% বাসিন্দাদের পছন্দের বিনিয়োগ বিকল্প, তার পরে রয়েছে স্থায়ী আমানত। ইউটিউবের মতো ডিজিটাল প্ল্যাটফর্ম ছাড়িয়ে ৬৪% যুবকের পরিবার এবং বন্ধুই আর্থিক শিক্ষা দিয়ে থাকে। প্রতিবেদনে আরও হাইলাইট করা হয়েছে যে আসানসোলের যুবকরা উচ্চ স্তরের আর্থিক সচেতনতা দেখায়, ৯২% স্টকের হঙ্গে পরিচিত এবং ৭০% মিউচুয়াল ফান্ডের সঙ্গে।

অ্যাঞ্জেল ওয়ানের ভাইস প্রেসিডেন্ট পার্থ ধর বলেছেন, "আসানসোলের যুবকদের আর্থিক




পরিকল্পনার জন্য একটি সুসংহত পদ্ধতি প্রতিমূর্ত রয়েছে। ফিন ওয়ানে, আমরা জ্ঞাত আর্থিক সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং সংস্থান সরবরাহ করে তরুণ ও প্রাপ্তবয়স্কদের সাহায্য করে থাকি।"